

ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২২

অনুসরণীয় নির্দেশনাবলী

১. কোন ব্যক্তি, দল বা প্রতিষ্ঠান কোন উদ্ভাবন/প্রকল্প/উদ্যোগ ইত্যাদির জন্য জাতীয় পর্যায়ে পুরস্কার প্রাপ্ত হলে ঐ একই উদ্ভাবন/প্রকল্প/উদ্যোগ এর জন্য ডিজিটাল বাংলাদেশ পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।
২. প্রাতিষ্ঠানিক আবেদনের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধান এর মাধ্যমে যথাযথভাবে আবেদন করতে হবে।
৩. কোন সরকারি/বেসরকারি তহবিল এর সহযোগিতায় সৃষ্ট উদ্ভাবন/প্রকল্প/উদ্যোগ ইত্যাদির জন্য আবেদন করলে সংশ্লিষ্ট অফিস/প্রতিষ্ঠানের অনুমোদন/প্রত্যয়নসহ আবেদন করতে হবে।
৪. আবেদনপত্রের তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অস্পষ্ট এবং নির্ধারিত সময়ের মধ্যে দাখিল করতে ব্যর্থ হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
৫. একই উদ্ভাবন/প্রকল্প/উদ্যোগ এর জন্য একাধিক আবেদন গ্রহণযোগ্য হবে না।
৬. আবেদন বাছাই/মূল্যায়নের কোন পর্যায়ে পুনঃনিরীক্ষণের আবেদন বিবেচনা করা হবে না।
৭. কোন শ্রেণিতে কাঙ্ক্ষিত মানসম্পন্ন কোন আবেদন পাওয়া না গেলে সেক্ষেত্রে ঐ শ্রেণিতে পুরস্কার প্রদান ঐ বছরের জন্য স্থগিত থাকবে।
৮. জাতীয় ও জেলা পর্যায়ের জন্য পৃথকভাবে আবেদন করতে হবে।
৯. নির্ধারিত ওয়েবসাইট (www.digitalbangladesh.gov.bd) এর মাধ্যমে অনলাইনে আবেদন করতে হবে। হার্ডকপিতে কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।
১০. পুরস্কার প্রাপ্তির ক্ষেত্রে কোন ধরনের তদবির আবেদনকারী ব্যক্তি/দল/প্রতিষ্ঠানের অযোগ্যতা বলে বিবেচিত হবে।
১১. ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২২ এর আবেদনের সময়সীমা ২২ আগস্ট ২০২২, রাত ১১:৫৯ পর্যন্ত। উল্লিখিত সময়ের পর কোন অবস্থাতেই আবেদন গ্রহণ করা হবে না।
১২. নীতিমালায় উল্লেখ নেই এরূপ সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।